দৈনিক খবর

তারিখ 27 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# প্রকৌশল বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

॥ প্রঃ বিঃ সংবাদদাতা ॥

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় গতকাল রাত ৯টার সময় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। বিশ্ববিদ্যালয়ের সকল আবাসিক ছাত্র-ছাত্রীকে আজ বৃহস্পতিবার রাত দশটার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

উপাচার্যের নির্দেশক্রমে ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার মোঃ শাহজাহান স্বাক্ষরিত উক্ত নোটিশে বলা হয়— 'ক্লাস টেস্ট' বাতিল এবং বৃত্তির পরিমাণ বৃদ্ধির দাবীতে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ দীর্ঘ দু'সপ্তাহ যাবৎ ক্লাস বর্জন করে আসছে। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল ক্লাস টেস্ট-এর নীতিমালা প্রণয়ন করে একটি একাডেমিক বিবৃতি জারি করেন এবং বিভিন্নভাবে কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের ক্লাসে ফিরিয়ে আনার চেষ্টা করেন। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ব্যাহত করা থেকে বিরত থাকার জন্য সকলকে নির্দেশ দিয়ে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়। বৃত্তির পরিমাণ বৃদ্ধির ব্যাপারে ইতিমধ্যেই সরকারের সংশ্লিষ্ট পর্যায়ে যোগাযোগ স্থাপন করা হয়েছে। তবুও ক্লাস টেস্ট বাতিলের দাবীতে অনমনীয় মনোভাব প্রদর্শন করে ছাত্র-ছাত্রীবৃন্দ একযোগে

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## প্রকৌশল

প্রথম পৃষ্ঠার পর

ক্লাস বর্জন অব্যাহত রাখায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিবেশের মারাত্মক অবনতি ঘটেছে এবং স্বাভাবিক শিক্ষা কার্যক্রম অসম্ভব হয়ে পড়েছে।

এদিকে নোটিশ পাওয়ার সাথে সাথেই প্রত্যেক হল থেকে ছাত্ররা স্বতঃস্ফূর্তভাবে মিছিল করে বেরিয়ে আসে। সহস্রাধিক ছাত্রের প্রতিবাদ মিছিলটি ক্যাম্পাস ঘুরে উপাচার্যের বাসভবন হয়ে জাতীয় প্রেস ক্লাব অভিমুখে যাত্রা করে। 'কর্তৃপক্ষের ঘোষণা ছাত্র সমাজ মানে না'— 'এই হল আমাদের এই হল ছাড়ব না' ইত্যাদি শ্লোগানে ক্যাম্পাস প্রকম্পিত হয়ে ওঠে। ক্যাম্পাসে এ নিয়ে তীব্র উত্তেজনা বিরাজ করছে তবে কোন ভাঙচুর হয়নি। ছাত্র নেতৃবৃন্দ আকস্মিক নোটিশের মাধ্যমে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করায় তীব্র ক্ষোভ প্রকাশ করেন এবং অবিলম্বে এই নোটিশ প্রত্যাহার করার জন্য জোর দাবী জানান।